# পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৪




অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৪




## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org, www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd

# সূচিপত্র


| ক্রম | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | বাংলাদেশ  সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ | ০৫ |
| ২ | পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার ও অন্যান্য বিশেষ কার্যক্রম | ০৬ |
| ২.১ | বিএসইসি ও বিডা'র যৌথ উদ্যোগে চীনের বেইজিংয়ে 'Summit on Trade, Business and Investment Opportunities between Bangladesh and China' আয়োজন | ০৬ |
| ২.২ | ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি) এবং বিএসইসি'র মধ্যে সভা অনুষ্ঠান | ০৭ |
| ২.৩ | পুঁজিবাজার সংস্কার রোডম্যাপ ও সার্বিক উন্নয়ন বিষয়ে ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ-এর সাথে বিএসইসি'র মতবিনিময় সভা সম্পন্ন | ০৮ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৩ | কর্পোরেট ফাইন্যান্স | ১০ |
| ৪ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স | ১২ |
| ৫ | নিবন্ধন | ১৩ |
| ৬ | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স | ১৪ |
| ৭ | সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ | ১৬ |
| ৮ | এনফোর্সমেন্ট | ১৯ |
| ৯ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ২০ |
| ১০ | কর্পোরেট রিপোর্টিং | ২২ |
| ১১ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস | ২৪ |
| ১২ | লিগ্যাল সার্ভিস | ২৬ |
| ১৩ | ফিন্যান্সিয়াল লিটারেসি | ২৭ |
| ১৪ | গবেষণা ও উন্নয়ন | ২৮ |
| ১৫ | জনসংযোগ | ২৯ |
| ১৬ | মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন | ৩০ |
| ১৭ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | ৩১ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, **১৯৯৩**-এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে **১৯৯৩** সালের ৮ই জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদ্‌ধীনে আনুষঙ্গিক বিধিবিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন এবং সে অনুসারে বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত।

# প্রথম অংশ

## ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

| ক্রম | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন<br>মার্কেট অ্যান্ড ইন্টারমিডিয়ারিজ অ্যাফেয়ার্স ডিভিশন |
| ২ | জনাব মোঃ সাইফুর রহমান | প্রশাসন ও অর্থ ডিভিশনে সংযুক্ত |
| ৩ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | আইসিটি ডিভিশন |
| ৪ | জনাব এম. হাছান মাহমুদ | এনফোর্সমেন্ট ডিভিশন<br>ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন |
| ৫ | জনাব মোঃ মাহবুবুল আলম | কর্পোরেট ফাইন্যান্স ডিভিশন |
| ৬ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | ল ডিভিশন |
| ৭ | জনাব কামরুল আনাম খান এফসিএমএ | চিফ অ্যাকাউন্টেন্ট ডিভিশন |
| ৮ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ডেরিভেটিভস ডিভিশন<br>ইন্টারন্যাল অডিট অ্যান্ড কমপ্লায়েন্স ডিভিশন |
| ৯ | জনাব মোহাম্মদ শফিউল আজম | মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন |
| ১০ | জনাব রিপন কুমার দেবনাথ | অ্যাডমিন অ্যান্ড ফাইন্যান্স ডিভিশন |
| ১১ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | কমিশনস্ সেক্রেটারিয়েট ডিভিশন |
| ১২ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম | ফাইন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন |

## ২. পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার ও অন্যান্য বিশেষ কার্যক্রম

### ২.১ বিএসইসি ও বিডা'র যৌথ উদ্যোগে চীনের বেইজিংয়ে 'Summit on Trade, Business and Investment Opportunities between Bangladesh and China' আয়োজন

২০২৪ সালের ০৯ জুলাই বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর যৌথ উদ্যোগে এবং চীনের বেইজিংয়ে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, ঢাকাস্থ চীনের দূতাবাস, China Council for the Promotion of International Trade (CCPIT) ও China Chamber of International Commerce (CCOIC)-এর সহযোগিতায় চীনের বেইজিংয়ের Shangri-La circle হোটেলের China World Summit Wing-এ 'Summit on Trade, Business and Investment Opportunities between Bangladesh and China' আয়োজন করা হয়।

উল্লেখ্য, বৈশ্বিক ব্যবসায়ীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বিভিন্ন দেশের সাথে পারস্পরিক বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ উপস্থাপনের লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট'-এর আয়োজন করা হয়েছে। যার ধারাবাহিকতায় চীনের বেইজিংয়ের উক্ত সামিট অনুষ্ঠিত হয়। এতে প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশি বিনিয়োগের জন্য বাংলাদেশকে আকর্ষণীয়, সহজতর ও লাভজনক দেশ হিসেবে চীনের ব্যবসায়ীদের নিকট উত্থাপন করা। অধিকন্তু, শেনজেন স্টক এক্সচেঞ্জ লিমিটেড (SZSE) ও সাংহাই স্টক এক্সচেঞ্জ লিমিটেড (SSE) কৌশলগত অংশীদার হিসেবে বাংলাদেশের ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসিতে বিনিয়োগের মাধ্যমে ডিএসই'র ২৫% শেয়ার ধারণ করেছে। কৌশলগত অংশীদার হিসেবে ইতোমধ্যে ডিএসই-এর বিভিন্ন প্রযুক্তিগত অবকাঠামো উন্নয়নে শেনজেন স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও সাংহাই স্টক এক্সচেঞ্জ লিমিটেড কাজ করছে। তন্মধ্যে, ডিএসই'র ভি-নেক্সট প্ল্যাটফর্ম অন্যতম। এই প্ল্যাটফমের্র মাধ্যমে স্টক এক্সচেঞ্জে কোনো তালিকাভুক্তি ব্যতীত স্টার্টআপ ও এসএমই কোম্পানি দেশি-বিদেশি বিনিয়োগকারীদের নিকট শেয়ার বিক্রয়ের প্রস্তাব দ্বারা মূলধন উত্তোলন করতে পারে। এই শেয়ার বিক্রয় প্রস্তাব ভি-নেক্সট প্ল্যাটফর্মের মাধ্যমে চীনের স্টক এক্সচেঞ্জের দ্বারা চীনসহ অন্যান্য দেশের বিনিয়োগকারীর নিকট পৌঁছাতে পারে।

## ২.২ ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি) এবং বিএসইসি'র মধ্যে সভা অনুষ্ঠান

২০২৪ সালের ২৯ সেপ্টেম্বর ঢাকার আগারগাঁওস্থ বিএসইসি ভবনে আইএফসি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বিশ্ব ব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি)-এর দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান এবং আইএফসি'র ৫ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দল উপস্থিত ছিলেন।

এই সভায় বাংলাদেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়নে বিভিন্ন দিক সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, দেশের পুঁজিবাজারের সংস্কার এবং পরিবর্তনের ক্ষেত্রসমূহ সম্পর্কিত আলোচনা হয়। সভায় আলোচনাকালে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা ও অংশগ্রহণ বৃদ্ধির পাশাপাশি টেকসই উন্নয়নের জন্য বিএসইসির কার্যক্রমের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সর্বোপরি, দেশের পুঁজিবাজার অধিক গতিশীলকরণে আইএফসি-এর সহযোগিতাকে অগ্রাধিকার প্রদান করা হয়।

## ২.৩ পুঁজিবাজার সংস্কারের রোডম্যাপ ও সার্বিক উন্নয়ন বিষয়ে ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ-এর সাথে বিএসইসি'র মতবিনিময় সভা সম্পন্ন

২০২৪ সালের ৩০ সেপ্টেম্বর রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে পুঁজিবাজারের সার্বিক সংস্কার সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর সঙ্গে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই), সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল), সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল), বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) ও ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড (সিএমএসএফ)-এর শীর্ষ নির্বাহীগণের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারবৃন্দ এবং ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম সিএমএসএফ-এর নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ-এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ বাংলাদেশের পুঁজিবাজারের সার্বিক সংস্কার বিষয়ে মতামত ও প্রস্তাবনা উপস্থাপন করেন। উক্ত সভায় রেগুলেটরি ফ্রেমওয়ার্ক সংস্কার, রেগুলেটরি কমপ্লায়েন্স ও প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, প্রযুক্তিগত উন্নয়ন ও আধুনিকায়ন, পুঁজিবাজারে পণ্য ও বাজার উন্নয়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ, বিনিয়োগ শিক্ষার প্রসার, বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধি, পুঁজিবাজারে কর্মরত পেশাজীবী সক্ষমতা বৃদ্ধিতে শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ, বাজারের বৈচিত্র্যায়নে নতুন পণ্য আনয়নসহ সর্বোপরি বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং পুঁজিবাজারের গঠনমূলক ও টেকসই সংস্কার প্রভৃতি বিষয় প্রস্তাবনা আকারে অন্তর্ভুক্ত হয়। সভায় বক্তাগণ দেশের পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসি এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ঐক্যবদ্ধ এবং সহযোগী হিসেবে কাজের বিষয়ে একমত পোষণ করেন।

# দ্বিতীয় অংশ

# ৩. কর্পোরেট ফাইন্যান্স

পুঁজিবাজার দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। কমিশনের কর্পোরেট ফাইন্যান্স বিভাগ পাবলিক ইস্যু এবং প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইক্যুইটি ও ডেট সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকাণ্ড সম্পাদন করে। এরূপ কাজ কোম্পানি ও প্রতিষ্ঠানসমূহের দীর্ঘমেয়াদি অর্থায়নের সুযোগ সৃষ্টি করে। এই বিভাগ তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু ও প্রাইভেট অফারের মাধ্যমে শেয়ার ইস্যু এবং স্বল্প মূলধনী কোম্পানিসমূহের কোয়ালিফাইড ইনভেস্টর অফারের মাধ্যমে শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও সম্পন্ন করে। নিম্নবর্ণিত  বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে:

- Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪
- Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
- Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015
- Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021
- Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022

## কোয়ালিফাইড ইনভেস্টর অফার

Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022-এর অধীনে ০১ জুলাই–৩০ সেপ্টেম্বর ২০২৪ সময়কালে কমিশন ০১টি কোম্পানিকে যোগ্য বিনিয়োগকারীদের নিকট হতে ৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে।

## ইস্যু অব ক্যাপিটাল

Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001-এর অধীনে ০১ জুলাই–৩০ সেপ্টেম্বর ২০২৪ সময়কালে কমিশন ০২টি তালিকাভুক্ত কোম্পানিকে ৭৭৩.৬৯ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে। যার বিভাজন নিম্নরূপ:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | মোট মূলধন  (কোটি টাকা) |
|---|---|---|
| প্রেফারেন্স শেয়ার | ০১ | ৬০৭.৬৯ |
| সাধারণ শেয়ার | ০১ | ১৬৬.০০ |
| **মোট** | **০২** | **৭৭৩.৬৯** |

## ডেট সিকিউরিটিজ

Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021-এর অধীনে ০১ জুলাই–৩০ সেপ্টেম্বর ২০২৪ সময়কালে কমিশন ০২টি কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে ২২১.০০ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে। যার বিভাজন নিম্নরূপ:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | পরিমাণ (কোটি টাকা) | | |
|---|---|---|---|---|
| | | পাবলিক অফার (কোটি টাকা) | প্রাইভেট অফার (কোটি টাকা) | মোট অফার (কোটি টাকা) |
| জিরো কুপন বন্ড | ০১ | - | ১৭১.০০ | ১৭১.০০ |
| কুপন বিয়ারিং বন্ড | ০১ | - | ৫০.০০ | ৫০.০০ |
| **মোট** | **০২** | **-** | **২২১.০০** | **২২১.০০** |

## ৪. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

সিএমআরআরসি বিভাগের কার্যাবলি নিম্নরূপ :

১. পুঁজিবাজার সংক্রান্ত আইনের খসড়া প্রস্তুতপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
২. পুঁজিবাজার সংক্রান্ত বিধি প্রণয়ন;
৩. পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পর্যায়ক্রমে আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন জারি;
৪. বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপিত পুঁজিবাজার সম্পর্কিত প্রশ্নের খসড়া জবাব প্রস্তুত;
৫. সংসদীয় স্থায়ী কমিটিতে অনুষ্ঠিত পুঁজিবাজার সম্পর্কিত সভার কার্যপত্র প্রস্তুত এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ; এবং
৬. বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর হতে প্রেরিত খসড়া আইন সম্পর্কে মতামত প্রদান।

সিএমআরআরসি বিভাগ কর্তৃক জারিকৃত সংশোধনী/আদেশ/নির্দেশনা নিম্নরূপঃ

| ক্রম | বিষয় | শ্রেণিবিভাগ | সূত্র |
|---|---|---|---|
| ১ | প্রাইভেট লিমিটেড কোম্পানি কর্তৃক কোনো মিউচ্যুয়াল ফান্ডের স্পন্সর প্রাপ্তি সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৮১<br>তারিখ: ১৮ জুলাই ২০২৪ |
| ২ | সরকারি সিকিউরিটিজের Primary Auction Process-এ Stock Broker-এর মাধমে অংশগ্রহণ সম্পর্কিত নির্দেশনা প্রসঙ্গে | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২২-৪০৯/৭৮<br>তারিখ: ২০ মে ২০২৪ |

## ৫. নিবন্ধন

নিবন্ধন ও লাইসেন্সিং বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান, বাজার সৃষ্টিকারীর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্য সম্পাদন করে। এছাড়া, স্টক ব্রোকারের ডিজিটাল বুথ এবং স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের শাখা খোলার অনুমোদন প্রদান করে।

| ক্রম | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদ সংখ্যা | নবায়নকৃত সনদ সংখ্যা | স্টক ব্রোকারের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর/নাম পরিবর্তন |
|---|---|---|---|---|---|---|
| ১ | স্টক ডিলার (ডিএসই) | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ | - | ৪৯ | - | ১টি স্টক ডিলার সনদের নাম পরিবর্তন |
| | স্টক ব্রোকার (ডিএসই) | -ঐ- | - | ৫০ | - | ১টি স্টক ডিলার সনদের নাম পরিবর্তন |
| ২ | স্টক ডিলার (সিএসই) | -ঐ- | - | ২৩ | - | - |
| | স্টক ব্রোকার (সিএসই) | -ঐ- | - | ২৫ | ০১ | - |
| ৩ | অনুমোদিত প্রতিনিধি (ডিএসই) | -ঐ- | ৭৬ | ১৯৪ | - | - |
| ৪ | অনুমোদিত প্রতিনিধি (সিএসই) | -ঐ- | - | ২৯ | - | - |
| ৫ | সম্পদ ব্যবস্থাপক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | ০১ | - | - | - |
| ৬ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ | ০১ | ৬৮ | - | - |
| ৭ | ডিজিটাল বুথের অনুমোদন | ডিরেকটিভের তারিখ: ১৩ ডিসেম্বর ২০২০ | ০৮ | - | - | ৩টি ডিজিটাল বুথ স্থানান্তরের অনুমোদন প্রদান |

# ৬. মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স

## সার্ভেইল্যান্স কার্যক্রম

পুঁজিবাজারের স্বাভাবিক গতি ও প্রকৃতি প্রভাবিত করতে পারে এমন কোনো অনিয়ম, হেরফেরমূলক কার্যকলাপ বা অস্বাভাবিক ট্রেডিং প্যাটার্ন শনাক্তকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্রমাগত সিকিউরিটিজ মার্কেট পর্যবেক্ষণ করে। তন্মধ্যে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ অন্যতম। সার্ভেইল্যান্স বিভাগ বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করাসহ অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে। সার্ভেইল্যান্স বিভাগ সিকিউরিটিজ আইনের সম্ভাব্য লঙ্ঘন, বাজার কারসাজি, ইনসাইডার ট্রেডিং, পুঁজিবাজারের স্বচ্ছতা ক্ষুণ্ণকারী অন্যান্য প্রতারণামূলক কার্য পর্যবেক্ষণ এবং পুঁজিবাজারের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা ও স্বার্থ সংরক্ষণে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করে। মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

### ১.০ পুঁজিবাজার পর্যবেক্ষণ ও তদারকি

দৈনন্দিন বাজার তদারকির অংশ হিসেবে বাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ অনুসন্ধানে 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম'-এর মাধ্যমে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ ইত্যাদি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় বিশ্লেষণ করে।

### ২.০ তথ্যের বুদ্ধিদীপ্ত কার্যক্রম

কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা নিরীক্ষার জন্য 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট' সিস্টেমের 'বিজনেস ইন্টেলিজেন্স', স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বিচক্ষণ ব্যবহার নিশ্চিত করছে।

### ৩.০ তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম

সার্ভেইল্যান্স বিভগে সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন প্রাথমিকভাবে নির্বাচনের পর তা বিশদভাবে চিহ্নিতকরণে প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ ও সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করে। অতঃপর, কমিশনের অনুমোদন সাপেক্ষে অথবা স্টক এক্সচেঞ্জের মাধ্যমে তদন্ত বা অনুসন্ধানপূর্বক উল্লেখ্যযোগ্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণার্থে জন্য বিভাগে প্রেরণ করা হয়। জুলাই-সেপ্টেম্বর ২০২৪ সময়কালে ডিএসই ও সিএসই বরাবর নিম্নোক্ত তালিকাভুক্ত কোম্পানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন লঙ্ঘন সংক্রান্ত তদন্ত কার্যক্রম সম্পাদনে এই বিভাগ জারিকৃত আদেশসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | সংশ্লিষ্ট কোম্পানির নাম/বিষয় | তদন্তকারী স্টক এক্সচেঞ্জ | আদেশ জারির তারিখ |
|---|---|---|---|
| ১ | এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড | ডিএসই | ৩১ জুলাই ২০২৪ |
| ২ | ক্যাপিটেক গ্রামীণ গ্রোথ ফান্ড | ডিএসই | ২১ আগস্ট ২০২৪ |
| ৩ | আলিফ ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ডিএসই | ০১ সেপ্টেম্বর ২০২৪ |
| ৪ | খান ব্রাদার্স পিপি ওভেন ব্যাগ ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ডিএসই | ১৫ সেপ্টেম্বর ২০২৪ |
| ৫ | তৌফিকা ফুডস অ্যান্ড লাভেলো আইসক্রিম পিএলসি | ডিএসই | ২৩ সেপ্টেম্বর ২০২৪ |
| ৬ | ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি | ডিএসই | ২৫ সেপ্টেম্বর ২০২৪ |

## ৪.০ তদন্ত অথবা অনুসন্ধান প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ

জুলাই-সেপ্টেম্বর ২০২৪ সময়কালে ডিএসই এবং সিএসই হতে প্রাপ্ত নিম্নবর্ণিত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনসমূহ পর্যালোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে:

| ক্রমিক | সংশ্লিষ্ট কোম্পানির নাম/বিষয় | দাখিলকারী | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের তারিখ |
|---|---|---|---|
| ১ | কর্ণফুলী ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | ডিএসই | ০৩ জুলাই ২০২৪ |
| ২ | বেঙ্গল উইন্সর থার্মোপ্লাস্টিকস পিএলসি | | ০৩ সেপ্টেম্বর ২০২৪ |
| ৩ | খান ব্রাদার্স পিপি ওভেন ব্যাগ ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ডিএসই | ১২ সেপ্টেম্বর ২০২৪ |
| ৪ | এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড | ডিএসই | ১৮ সেপ্টেম্বর ২০২৪ |

## ৫.০ অন্যান্য

- দৈনন্দিন সিস্টেম হতে প্রাপ্ত এলার্টসমূহ, বাণিজ্য প্রতিবেদন ও শেয়ার ক্রয়-বিক্রয় আদেশ পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং
- বিভিন্ন বিভাগ অথবা অনুসন্ধানকারী কমিটির চাহিদা অনুযায়ী তথ্য প্রেরণ।

## ৭. সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নে সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ (এসএমএমআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ সংক্রান্ত কাজ করে। ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে এই বিভাগ সম্পাদিত উল্লেখযোগ্য কার্য নিম্নরূপ:

### ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি

এসএমএমআই বিভাগ পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে। ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহারের মাধ্যমে সহজেই যেকোনো স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল এবং উক্ত অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে অবহিত হন। সিসিএএম-এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| অভিযোগ দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম | অভিযোগ প্রাপ্তির সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগ সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| স্টক ব্রোকার / স্টক ডিলার | ৪৩ | ২৬ | ১৭ |
| মার্চেন্ট ব্যাংক | ৪ | ৩ | ১ |
| সম্পদ ব্যবস্থাপক কোম্পানি | ১ | - | ১ |
| সিকিউরিটিজ কাস্টডিয়ান | ১ | - | ১ |
| সিডিবিএল | ২১ | ১৭ | ৪ |
| **মোট** | **৭০** | **৪৬** | **২৪** |

সিসিএএম-এর মাধ্যমে অভিযোগ দাখিলের পাশাপাশি বিনিয়োগকারীগণ কর্তৃক কমিশনে লিখিতভাবে দাখিলকৃত অভিযোগসমূহ নিম্নরূপ:

| অভিযোগ দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম | পূর্বে অনিষ্পত্তিকৃত অভিযোগ | বর্ণিত সময়ে অভিযোগ প্রাপ্তি | মোট অভিযোগ | ডিএসইতে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ | সিসিএএম-এ আপলোডকৃত | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| স্টক ব্রোকার/স্টক ডিলার | - | ১০ | ১০ | ১ | ৩ | ৫ | ১ |
| **মোট** | - | ১০ | ১০ | ১ | ৩ | ৫ | ১ |

## খ. বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান-প্রদান

দুর্নীতি দমন কমিশন (দুদক) সহ বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান-প্রদানের সুবিধার্থে ২০১৯ সালের ১৫ এপ্রিল External Data Request Processing (EDRP) প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। উক্ত প্ল্যাটফর্মের মাধ্যমে দুদকসহ বিভিন্ন সরকারি সংস্থাকে পত্রের মাধ্যমে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে। যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত চিঠির সংখ্যা | চিঠির সংখ্যার বিপরীতে প্রদানকৃত তথ্য | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| দুর্নীতি দমন কমিশন (দুদক) | ১৩১ | ১২৮ | ৩ |
| অপরাধ তদন্তবিভাগ (সিআইডি) | ৫ | ৫ | - |
| জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) | ৪ | ৪ | - |
| অন্যান্য | - | - | - |
| **মোট** | ১৪০ | ১৩৭ | ৩ |

## গ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন সম্পর্কিত গৃহীত পদক্ষেপ

কমিশনের নির্দেশনা অনুসারে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। গৃহীত পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে এসএমএমআই বিভাগ সম্পাদিত পদক্ষেপসমূহ নিম্নরূপ:

| পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান | পূর্ব-পরীক্ষাধীন প্রতিবেদন সংখ্যা | বর্ণিত সময়ে গৃহীত প্রতিবেদন সংখ্যা | মোট প্রতিবেদন সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | এসআরআই বিভাগ কর্তৃক সতর্কপত্র প্রেরণ | ব্যবস্থা গ্রহণ ব্যতীত নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ডিএসই | - | ৪১ | ৪১ | ১১ | - | ২৩ | ৭ |
| সিএসই | - | ৮ | ৮ | - | - | - | ৮ |
| **মোট** | | ৪৯ | ৪৯ | ১১ | - | ২৩ | ১৫ |

## ঘ. ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

এসএমএমআই বিভাগ স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে। ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর অর্থসময়ে ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত সম্পাদিত কার্যক্রম নিম্নরূপ:

| কাজের বিবরণ | সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সংখ্যা | |
|---|---|---|
| | সিএসই | ডিএসই |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা | ৫ | ২৩ |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সাথে সভা অনুষ্ঠান | - | ১০ |

## ঙ. মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/ সিইও-এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম

২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে এ বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/সিইও-এর নিয়োগ সংক্রান্ত সম্পাদিত কার্যসমূহ নিম্নরূপ:

| দরখাস্তের বিষয় | পূর্ব অনিষ্পত্তিকৃত দরখাস্ত সংখ্যা | বর্ণিত সময়ে প্রাপ্ত দরখাস্ত সংখ্যা | মোট দরখাস্ত সংখ্যা | কমিশনের অনুমোদন | কমিশনের প্রত্যাখ্যান | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক/সিইও-এর নিয়োগ | ১ | ৪ | ৫ | ৩ | - | ২ |
| শূন্য পদে ব্যবস্থাপনা পরিচালক/সিইও নিয়োগের সময়সীমা বর্ধিতকরণ | - | - | - | - | - | - |
| **মোট** | ১ | ৪ | ৫ | ৩ | - | ২ |

## ৮. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক অর্থদণ্ড আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না-করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট উপস্থাপন করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যের বিরুদ্ধে কমিশন গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নেরূপঃ

| ক্রম | বিবরণ | জরিমানা | সর্তকীকরণ | নিষ্পত্তিকরণ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ০ | ১১ | ৯ | ২০ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি | ২ | ৩৮ | ১ | ৪১ |
| ৩ | মার্চেন্ট ব্যাংকার | ০ | ১ | ০ | ১ |
| ৪ | অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | ০ | ০ | ০ | ০ |
| ৫ | ক্রেডিট রেটিং কোম্পানি | ০ | ০ | ০ | ০ |
| ৬ | কাস্টডিয়ান | ০ | ০ | ০ | ০ |
| ৭ | চার্টাড অ্যাকাউন্ট্যান্টস | ০ | ০ | ০ | ০ |
| ৮ | বিনিয়োগকারী | ০ | ২ | ০ | ২ |
| ৯ | স্টক এক্সচেঞ্জ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | অন্যান্য | ০ | ১৪০ | ৩৮ | ১৭৮ |
| | **সর্বমোট** | **২** | **১৯২** | **৪৮** | **২৪২** |

## ৯. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ

এসআরআইসি ডিপার্টমেন্ট স্টক এক্সচেঞ্জ, ওভার দি কাউন্টার (ওটিসি) মার্কেট এবং ইস্যুয়ার কোম্পানিসমূহের যাবতীয় কার্য সিকিউরিটিজ আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করে। এছাড়া, ইস্যুয়ার কোম্পানিসমূহের বিরুদ্ধে অভিযোগ/ আপত্তি সিকিউরিটিজ আইন অনুযায়ী নিষ্পত্তি করে। এই বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

ক. তালিকাভুক্ত কোম্পানির বোর্ড মিটিং, বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা, ই-ভোটিং বিষয়ে বিধি-বিধান পরিপালন সংক্রান্ত তদারকি;

খ. মূল্য সংবেদনশীল তথ্যাদি, ম্যাটেরিয়্যাল ইনফরমেশন্স, ইনসাইডার ট্রেডিং (যদি থাকে) তদারকি;

গ. তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা/পরিচালক/প্লেসমেন্ট শেয়ারহোল্ডারদের শেয়ার ক্রয়/বিক্রয়/হস্তান্তরের ঘোষণা তদারকি;

ঘ. মাসিক শেয়ার হোল্ডিং পজিশন ও লিস্টিং রেগুলেশন চাহিত অন্যান্য বিষয় তদারকি;

ঙ. নো-ডিভিডেন্ড এবং অবণ্টিত ডিভিডেন্ড সংক্রান্ত ঘোষণা তদারকি;

চ. স্টক এক্সচেঞ্জের (সিকিউরিটিজ লেনদেন ব্যতীত) যাবতীয় কার্য এবং সিসিবিএলের বিষয় তদারকি;

ছ. জেড-ক্যাটাগরি এবং ওটিসি কোম্পানিসমূহ সংস্কার/পুনঃগঠন কার্যক্রম;

জ. ৩০ কোটি টাকার অনূর্ধ্ব পরিশোধিত মূলধনসম্পন্ন কোম্পানিসমূহ তদারকি;

ঝ. আন্তঃকোম্পানি ঋণসংক্রান্ত বিষয়াদি তদারকি;

ঞ. ট্রেডেড অথবা নন-ট্রেডেড বিভিন্ন ডেট-ইনস্ট্রুমেন্ট তদারকি;

ট. মার্জার, অ্যামালগেমেশন/অ্যাকুইজিশন সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা/মন্তব্য প্রদান;

ঠ. আইপিও/আরপিও প্রসপেক্টাস এবং আইন বিভাগ চাহিত বিষয়ে আইনগত পর্যালোচনা/মন্তব্য প্রদান;

ড. পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ; এবং

ঢ. তালিকাভুক্ত কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জ-বহির্ভূত হস্তান্তরের বিষয়াদি তদারকি।

- **উল্লিখিত নিয়মিত কার্যের ভিত্তিতে ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে পুঁজিবাজারের গতিশীলতা আনয়নে এসআরএমআইসি বিভাগ সম্পাদিত কার্যসমূহ নিম্নরূপ:**

## তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে অভিযোগ

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগ সংখ্যা | প্রক্রিয়াধীন | মীমাংসিত |
|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরিতে প্রদান | ১৪ | ৯ | ৫ |
| ডিবেঞ্চারের আসল ও সুদ প্রদান না করা | - | - | - |
| শেয়ারট্রান্সফার সম্পর্কিত | - | - | - |
| রাইট অফারের পত্র না পাওয়া | ১ | ১ | - |
| বার্ষিক প্রতিবেদন না পাওয়া | - | - | - |
| রিফান্ড ওয়ারেন্ট সংক্রান্ত | - | - | - |
| শেয়ারের ডিমেট সংক্রান্ত | - | - | - |
| বিবিধ | ৩ | ২ | ১ |
| **মোট** | **১৮** | **১২** | **৬** |

NB: This is the status of complaints forwarded by Bangladesh Securities and Exchange Commission, lodged directly to DSE and via Customer Complaint Address Module (CCAM) during the period July to September 2024.

## ১০. কর্পোরেট রিপোর্টিং

**কমিশনের নতুন পদসোপানক্রম অনুযায়ী, চিফ অ্যাকাউন্টেন্ট বিভাগের অধীনে দুটি বিভাগ বিদ্যমান; যথা:**

ক. অ্যাকাউন্টিং ও অডিটিং পলিসি বিভাগ, এবং

খ. কর্পোরেট রিপোর্টিং বিভাগ।

**কর্পোরেট রিপোর্টিং বিভাগের প্রধান কার্যাবলি নিম্নরূপ:**

১. তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক ত্রৈমাসিক, বার্ষিক এবং অন্তর্বর্তী আর্থিক বিবরণী দাখিলের তদারকি;

২. তালিকাভুক্ত কোম্পানিসমূহের অনিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;

৩. তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;

৪. আইপিও/কিউআইও/আরপিও/রাইট ইস্যু/বন্ডের মাধ্যমে উত্তোলিত মূলধনের ব্যবহার প্রতিবেদন তদারকি;

৫. ইন্সপেকশন/ ইনকোয়ারি/ইনভেস্টিগেশন প্রস্তাব উত্থাপন; এবং

৬. কমিশন নির্ধারিত যেকোনো কাজ সম্পাদন।

২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর সময়কালে কর্পোরেট রিপোর্টিং বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

### আর্থিক বিবরণী দাখিল সংক্রান্ত তথ্য

| সূচকসমূহ | প্রত্যাশিত | প্রকৃত |
|---|---|---|
| কোম্পানির বার্ষিক আর্থিক বিবরণী জমা | ০২ | ০৬ |
| অন্তর্বর্তীকালীন (Q1) প্রতিবেদনসমূহ জমা | ০০ | ০৩ |
| অন্তর্বর্তীকালীন (Q2) প্রতিবেদনসমূহ জমা | ৮৮ | ৩১ |
| অন্তর্বর্তীকালীন (Q3) প্রতিবেদনসমূহ জমা | ০০ | ০৬ |
| আইপিও/আরপিও/কিউআইও/আরআই তহবিলের ব্যবহার সংক্রান্ত প্রতিবেদনসমূহ জমা | ৩১ | ২২ |

## অন্যান্য কার্য

| সূচকসমূহ | কার্য সংখ্যা |
|---|---|
| **বার্ষিক আর্থিক বিবরণী** | |
| অধিক তথ্য বা ব্যাখ্যা তলব | ০৮ |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০৯ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০৫ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০১ |
| সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না-করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০৫ |
| স্বতন্ত্র বহিঃনিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/অ্যাডভার্স অপিনিয়ন/ডিসক্লেইমার সংখ্যা | ০০ |
| **প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০৭ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০০ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০১ |
| **দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ৬৪ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০০ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| **তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০১ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০০ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| **অনুসন্ধান/তদন্ত এবং বিশেষ নিরীক্ষা** | |
| রেগুলেটরি তদন্ত এবং অনুসন্ধান কমিটি নিয়োগ প্রদান | ০৩ |
| সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০৫ |

## ১১. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

- বিএসইসি'র আইসিটি অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ, ই-সার্ভিস প্রবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ ও ডিজিটালাইজ্‌ড্ পুঁজিবাজার পরিবীক্ষণ ব্যবস্থা বিনির্মাণ করাই এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

- **কমিশনের এমআইএস বিভাগের কার্যাবলি নিম্নরূপ:**

  - ❐ দাপ্তরিক কাজের জন্য সরকারের ই-নথি ব্যবস্থা ব্যবহারে কারিগরি সহায়তা প্রদান;
  - ❐ দাপ্তরিক কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপন ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান;
  - ❐ অনলাইন সভাসহ বিভিন্ন সভা/সেমিনার/সচিত্র উপস্থাপনার জন্য কারিগরি সহায়তা প্রদান;
  - ❐ ২০০ এমবিপিএস গতির নিরবচ্ছিন্ন ইন্টারনেট (১০০ এমবিপিএস রিডানডেন্ট সংযোগ ব্যবস্থাসহ) সেবা নিশ্চিতকরণ;
  - ❐ কমিশনের ডিজিটাল তথ্যাবলি সংরক্ষণ ও ব্যাকআপের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
  - ❐ তথ্য প্রযুক্তি (আইটি) সংক্রান্ত ক্রয়ের কারিগরি বিশেষীকরণ (Technical Specification) তৈরি;
  - ❐ কমিশনের তথ্যের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
  - ❐ কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য নিরাপত্তামূলক সচেতনতার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণ;
  - ❐ কমিশনের টেন্ডার প্রক্রিয়া ই-জিপি (e-GP) পোর্টালের মাধ্যমে সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
  - ❐ কমিশনের বিভিন্ন বিভাগের চাহিদা অনুসারে সিস্টেম ডেভেলপমেন্ট/মডিফিকেশন/আপগ্রেডেশন/মেইনটেন্যান্সের কাজ; এবং
  - ❐ কমিশনের ওয়েবসাইটটি (২টি ডোমেইন: www.sec.gov.bd ও www.এসইসিবিডি.বাংলা) সর্বদা চালুকরণ এবং সাইবার নিরাপত্তা নিশ্চিত করা।

### ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে সম্পাদিত/চলমান কার্যক্রমসমূহ:

১. তালিকাভুক্ত কোম্পানি ও পুঁজিবাজার সংশ্লিষ্ট মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের জন্য XBRL (Extensible Business Reporting Language) ভিত্তিক রিপোর্টিং প্ল্যাটফর্ম বাস্তবায়নের উদ্দেশ্যে গঠিত কমিটির প্রথম সভা ২০২৪ সালের ১৯ সেপ্টেম্বর জনাব মোঃ আলী আকবর, কমিশনার (আইসিটি) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কমিটির অন্তর্ভুক্ত কমিশনের কর্মচারীদের পাশাপাশি ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, এফআরসি, আইসিএবি, আইসিএমএবি গ্যেজ্ বিএপিএলসি-এর সংশ্লিষ্ট প্রতিনিধিগণ মূল্যবান মতামত উপস্থাপন করেন।

২. এমআইএস বিভাগ কর্তৃক আয়োজিত সমন্বয় সভার মাধ্যমে ক্যাপিটাল ইস্যু বিভাগকে অনলাইন আইপিও সাবমিশন প্ল্যাটফর্মের একটি প্রেজেন্টেশন প্রদর্শন করা হয়েছে। বাস্তবায়নাধীন প্ল্যাটফর্মটি সম্পর্কে ক্যাপিটাল ইস্যু বিভাগ ইতিবাচক সাড়া এবং একে কার্যকরিকরণে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছে।

৩. এনফোর্সমেন্ট কার্যক্রম ট্র্যাকিং প্ল্যাটফর্ম বাস্তবায়নের উদ্দেশ্যে এনফোর্সমেন্ট বিভাগের সহায়তায় প্রোসেস ফ্লো ডায়াগ্রাম তৈরির কাজ চলমান। এটি সম্পন্ন হলে উক্ত প্ল্যাটফর্ম ডেভেলপমেন্টের জন্য কারিগরি বিশেষীকরণ সম্পন্ন করা যাবে।

৪. জুলাই-সেপ্টেম্বর ২০২৪ সময়ে IT Support Ticket Management System (ITMS)-এর মাধ্যমে ৩৩৫টি আইটি সহায়তার অনুরোধ যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে।

৫. কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক কমিশনে ইন্টারনেট সেবা অব্যাহত রাখার লক্ষ্যে Internet Service Provider (ISP) ক্রয় (Procurement) কার্যক্রম প্রক্রিয়াধীন ।

### কমিশনের ওয়েবসাইটে ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে আপলোডকৃত তথ্যসমূহ নিম্নরূপ:

- মিউচ্যুয়াল ফান্ড প্রসপেক্টাস : ১টি,
- এনফোর্সমেন্ট অ্যাকশন : ৫৪টি,
- আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি : ৬টি,
- ত্রৈমাসিক প্রকাশনা/প্রতিবেদন : ২টি,
- প্রেসবিজ্ঞপ্তি : ১৪টি,
- উল্লেখযোগ্য ঘটনা : ১টি,
- অফিস আদেশ/বিজ্ঞপ্তি : ১টি,
- দরপত্র বিজ্ঞপ্তি : ৩টি
- অনাপত্তি সনদ : ৯টি,
- প্রস্তাবিত খসড়া আইনের উপর মতামত : ২টি, এবং
- অন্যান্য প্রাপ্ত তালিকা।

# ১২. লিগ্যাল সার্ভিস

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মামলা সংক্রান্ত তথ্যাদি:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর সময়কালে ১৫টি মামলা দায়ের করা হয়। কোনো মামলা নিষ্পত্তি হয়নি। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-বিপক্ষে দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলাসমূহ নিম্নরূপ:

| বিএসইসি কর্তৃক /বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা | মামলা সংখ্যা | বিবরণ |
|---|---|---|
| বিএসইসি কর্তৃক দায়েরকৃত মামলা | ০৬টি | সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে কমিশন কর্তৃক আরোপিত জরিমানা আদায়ের জন্য Public Demands Recovery Act, 1913-এর অধীনে জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা-এ ০৬টি সার্টিফিকেট মামলা দায়ের; |
| বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা | ০৯টি | সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ এবং অন্যান্য কারণে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ০৭টি রিট মোকদ্দমা ও ০২টি কোম্পানি ম্যাটার দায়ের করা হয়েছে। |

২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর সময়কালে নিষ্পত্তিকৃত মামলাসমূহ নিম্নরূপ:

| বিএসইসি কর্তৃক /বিএসইসি'র নষ্পত্তিকৃত মামলা | মামলা সংখ্যা | বিবরণ |
|---|---|---|
| বিএসইসি কর্তৃক দায়েরকৃত মামলা | - | বর্ণিত সময়ে কোনো মামল কমিশনের পক্ষে-বিপক্ষে নিষ্পত্তি হয়নি। |

# ১৩. ফিন্যান্সিয়াল লিটারেসি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা ও কনফারেন্স আয়োজন করে। এরূপ আয়োজন বিনিয়োগকারীকে সঠিক বিনিয়োগে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়া, এই বিভাগে বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, পুঁজিবাজারের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত ব্যক্তির প্রশিক্ষণ এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ এবং উক্ত বিভাগের তত্ত্বাবধানে ডিএসই ও সিএসই কর্তৃক পরিচালিত ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

| ক্রম | বিবরণ | অংশগ্রহণকারী (জন) |
|---|---|---|
| ১ | বিনিয়োগকারীদের প্রশিক্ষণ | ২৯৮ |
| ২ | ডিএসই ও সিএসই'র ট্রেকহোল্ডারদের অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ | ৪৩ |
| ৩ | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গের প্রশিক্ষণ | ২০০ |
| | **সর্বমোট** | **৫৪১** |

# ১৪. গবেষণা ও উন্নয়ন

বিএসইসি'র গবেষণাপত্র প্রস্তুত, বিএসইসি'র বার্ষিক প্রতিবেদন প্রকাশ, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক প্রতিবেদনের পুঁজিবাজার সংশ্লিষ্ট অংশ প্রস্তুত ও মুদ্রণ সংক্রান্ত কার্যাবলি, কমিশনের ত্রৈমাসিক প্রতিবেদন প্রকাশ, মহান জাতীয় সংসদ, বিভিন্ন মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য সংস্থার সাথে তথ্য বিনিময় এবং গ্রন্থাগার সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গবেষণা ও উন্নয়ন বিভাগ সম্পাদন করে।

ক. ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে গবেষণা ও উন্নয়ন বিভাগ সম্পাদিত উল্লেখযোগ্য কার্য নিম্নরূপ:

| ক্রম | শিরোনাম |
|---|---|
| ১ | Bangladesh Economic Review 2024-এ অন্তর্ভুক্তির জন্য তথ্যাদি/পরিসংখ্যানসহ প্রতিবেদন প্রেরণ |
| ২ | নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য মন্ত্রণালয়/বিভাগের ইনপুট প্রদান |
| ৩ | বাংলাদেশ ব্যাংকের বার্ষিক রিপোর্ট ২০২৩-২০২৪-এ অন্তর্ভুক্তির জন্য প্রতিবেদন প্রেরণ |
| ৪ | বিএসইসি'র মাসিক উল্লেখযোগ্য/গুরুত্বপূর্ণ কার্যাবলির প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ |

খ. ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে গবেষণা ও উন্নয়ন বিভাগ প্রকাশিত প্রতিবেদনের তালিকা:

| ক্রম | প্রতিবেদনের নাম |
|---|---|
| ১ | পরিক্রমা (এপ্রিল-জুন) ২০২৪ |
| ২ | Quarterly Review (January-March) 2024 |
| ৩ | Quarterly Review (April-June) 2024 |

## ১৫. জনসংযোগ

এই বিভাগ কমিশনের জনসংযোগের বিষয়ে প্রয়োজনীয় কার্যাবলি সম্পন্ন করে। ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে সম্পাদিত কার্যক্রম নিম্নরূপ:

১. কমিশন কর্তৃক ১৪ (চৌদ্দ)টি ইস্যুকৃত প্রেসবিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.এসইসিবিডি.বাংলা) প্রকাশ করা হয়েছে।

## ১৬. মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন

কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স বিভাগ কর্তৃক ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

১. মার্কেট ম্যানিপুলেশন, গুজব ও নাশকতা সংক্রান্ত অনলাইন ও অফলাইন গোয়েন্দা তথ্য সংগ্রহের কাজ চলমান; এবং

২. প্রাপ্ত গোয়েন্দা তথ্য বিশ্লেষণ ও যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য কমিশনের নিকট ০৬টি গোয়েন্দা প্রতিবেদন দাখিল করা হয়েছে।

এছাড়া, পুঁজিবাজারের সম্ভাব্য অনিয়ম ও তদ্‌সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাপারে তথ্যসংগ্রহের নিমিত্তে কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স বিভাগ নিয়মিত অনলাইন ও অফলাইন মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে।

কমিশনের ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগ কর্তৃক ২০২৪ সালের জুলাই-সেপ্টেম্বর কালপর্বে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

### ক. অনুসন্ধান/তদন্ত ও পরিদর্শন সম্পর্কিত তথ্য

| ক্রমিক | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | ইস্যুকৃত অনুসন্ধান/তদন্ত আদেশ | ০৮টি |
| ২ | অনুসন্ধান কমিটি কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন | ০৪টি |

### খ. পরিদর্শন সম্পর্কিত তথ্য

| ক্রমিক | ইস্যুকৃত আদেশ সংখ্যা | দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা |
|---|---|---|
| ১ | ০৪টি | ০৮টি |

# ১৭. স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস

**ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড পিএলসি**

জুলাই-সেপ্টেম্বর ২০২৪

| মাস | ডিএসই ব্রড সূচক (DSEX) | বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যা) | | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ৫,২৮০.৪৭ | ৬,৪৯৩,৮৭০.৭১ | ১৮ | ৩,৫১৩.০৮ | ১৯৫.১৭ | ১০৯,১৭৫.৯৪ | ৬,০৬৫.৩৩ |
| আগস্ট | ৫,৮০৪.৪২ | ৬,৯৯৫,৮১৫.৪৯ | ১৯ | ৫,৪৯১.৫৮ | ২৮৯.০৩ | ১৬৫,৯৫৯.৮১ | ৮,৭৩৪.৭৩ |
| সেপ্টেম্বর | ৫,৬২৪.৫০ | ৬,৮৩৪,১১৬.১৩ | ২১ | ৪,১৫৬.৮০ | ১৯৭.৯৪ | ১৪০,৪৯৬.২৫ | ৬,৬৯০.৩০ |
| মোট | | | ৫৮ | ১৩,১৬১.৪৭ | ২২৬.৯২ | ৪১৫,৬৩২.০১ | ৭,১৬৬.০৭ |

* মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড পিএলসি

**চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি**

জুলাই-সেপ্টেম্বর ২০২৪

| মাস | সকল শেয়ারের মূল্যসূচক | বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যা) | | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ১৫,০৯৩.১৩২৮ | ৬,৮৬২,৯৮৮.৪২ | ১৮ | ৭৫.১২ | ৪.১৭ | ৪,২৫২.২৮ | ২৩৬.২৪ |
| আগস্ট | ১৬,৫২০.২৩৭৯ | ৭,২৭২,৯৬০.৯০ | ১৯ | ১৬৫.০৯ | ৮.৬৯ | ১০,১৯৫.১৯ | ৫৩৬.৫৯ |
| সেপ্টেম্বর | ১৫,৬৫৯.৬৬০৮ | ৭,১৮২,৮৪০.৮৪ | ২১ | ৭০.৯৫ | ৩.৩৮ | ২,৪৮৫.২৯ | ১১৮.৩৫ |
| মোট | | | ৫৮ | ৩১১.১৫ | ৫.৩৬ | ১৬,৯৩২.৭৭ | ২৯১.৯৪ |

* মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান রূপে বিবেচ্য

উৎস: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

## বিএসইসি ওয়েবসাইটের বিষয়বস্তু

• বিএসইসি সম্পর্কে • উল্লেখযোগ্য ঘটনা • প্রেস রিলিজ • সিকিউরিটিজ আইন • বিনিয়োগকারীর তথ্য • আইপিও প্রসপেক্টাস • বার্ষিক প্রতিবেদন • ত্রৈমাসিক প্রতিবেদন • এনফোর্সমেন্ট অ্যাকশনস্ • বাজার মধ্যস্থতাকারীদের তালিকা • কর্মসংস্থান তথ্য • দরপত্র তথ্য • বিধি সংশোধনে মন্তব্যের অনুরোধ • গুরুত্বপূর্ণ লিঙ্ক

## রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: (৮৮)-০২-৫৫০০৭১৭৩-২, ফ্যাক্স: (৮৮)-০২-৫৫০০৭১০৬

## যা আছে:

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ


# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

**ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ**

Website: www.secbd.org, www.sec.gov.bd, www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd